

2 0 1 6

BENGALI

(Major)

Paper : 6.5

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও :

১×৭=৭

(ক) অরিজিনাল গুণধরের পরিচয়জ্ঞাপক চিহ্নটি কী ?

(খ) গুণধর ক্লাশ টেনের পরীক্ষায় কোন্ বিষয়ে সর্বোচ্চ নম্বর পেয়েছিল ?

(গ) “আর তুমি হচ্ছ বারোয়ারি তবলা । এর হাতে ওর হাতে
চাঁটি খেতে হাতে হাতে ঘুরে বেড়াবে”—উক্তিটি কার ?

(ঘ) “পাইলগাঁওয়ের জমিদারদের পানসি ছিল
গোটাটিনেক”—‘পানসি’ কী ?

(ঙ) ‘দেশ’ পত্রিকায় প্রকাশিত বিধুভূষণ চৌধুরীর গল্পটির নাম
কী ?

(চ) শূন্যস্থান পূরণ করো :

আমাদের শৈশবে প্রামের মানুষের যৌথ বিনোদনের
সর্বশ্রেষ্ঠ মাধ্যম ছিল _____ ।

(ছ) কোন্ পাঠশালায় সুজিৎ চৌধুরীর বিদ্যাশিক্ষা শুরু
হয়েছিল ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৪=

- (ক) “না, ও পয়সা চাই না আমার”—কে, কার কাছ থেকে পয়সা নিতে চায়নি ?
- (খ) উজ্জ্বল বি. এ পরীক্ষায় কত পার্সেন্ট মার্কস পেয়েছিল ? পরীক্ষা পাশের উপহার হিসেবে বাবা তাকে কী উপহার দিয়েছিলেন ?
- (গ) “একই কোম্পানির ছাপ-মারা কে রে তুই বাপ ? ওখানে দাঁড়িয়ে কী করছিস ?”—উক্তিটি কার ? ‘একই কোম্পানির ছাপ-মারা’ বলতে এখানে কাকে বোঝানো হয়েছে ?
- (ঘ) জাপানে নেতাজি সুভাষচন্দ্র বোস কী নামে পরিচিত ছিলেন ? এই তথ্য পাইলগাঁও গ্রামে কীভাবে এসে পৌঁছেছিল ?

৩। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

৫×৩=১৫

- (ক) “স্টপ ইট! স্টপ ইট! আই সে, স্টপ ইট। কে শিখিয়েছে এই সব গান ?”—উক্তিটি কার ? কোন্ প্রসঙ্গে করা হয়েছে ? আলোচনা করো।
- (খ) ‘গুণধরের অসুখ’ নাটকের শেষ পর্বে গুণধরের সঙ্গে তার বাবার সংঘর্ষ সৃষ্টি হয়েছিল কেন ? আলোচনা করো।
- (গ) ব্যাখ্যা করো :
বড়ো দুঃখে গাওয়া যায় না। বড়ো আনন্দে গাওয়া হয় না।

- (ঘ) “মায়ের শৈশবকালীন সরলতা সম্পর্কে দুটি গল্প আমাদের পারিবারিক ইতিহাসের উপাদান হিসাবে এখনো মজুত।”—যে কোনো একটি গল্পের উল্লেখ করো।
- (ঙ) “একটি ছোট গ্রামের ততোধিক ছোট বিদ্যালয়ে যে এতজন কৃতি শিক্ষকের সমাবেশ ঘটেছিল, তার একটা রাজনৈতিক কারণ ছিল।”—লেখকের মতানুসারে এই কারণটি বিশ্লেষণ করো।

৪। ক—গুচ্ছ ও খ—গুচ্ছ থেকে অন্তত একটি করে নিয়ে মোট তিনটি প্রশ্নের উত্তর বিশদভাবে লেখো :

১০×৩=৩০

ক—গুচ্ছ

- (ক) ‘গুণধরের অসুখ’ নাটকটির গঠনশৈলী সম্বন্ধে আলোচনা করো।
- (খ) ‘গুণধরের অসুখ’ নাটকটিতে ‘এপিক থিয়েটার’—এর ছায়াপাত লক্ষ করা যায় কি ? তোমার মতামত উল্লেখ করো।
- (গ) গুণধরের বাবা ধনঞ্জয় চৌধুরীর চরিত্র বিশ্লেষণ করো।

খ—গুচ্ছ

- (ঘ) পাইলগাঁও গ্রামে অতিবাহিত লেখক সুজিৎ চৌধুরীর বাল্যজীবন সম্পর্কে আলোচনা করো।
- (ঙ) ‘হারানো দিন হারানো মানুষ’ গ্রন্থে লেখক পিতা বিধুভূষণ চৌধুরীর চরিত্রটি অসাধারণ দক্ষতায় চিত্রিত করেছেন। চরিত্রটি আলোচনা করে এ প্রসঙ্গে লেখকের দক্ষতার পরিচয় দাও।

(চ) 'স্মৃতিকথা'র সংজ্ঞা ও বৈশিষ্ট্য আলোচনা করে 'হরানো দিন হরানো মানুষ' গ্রন্থটিকে সার্থক 'স্মৃতিকথা' বলা যায় কি-না, তা আলোচনা করো।
